তারিখ [illegible]
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

দৈনিক
ইত্তেফাক

# মেহেন্দিগঞ্জে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দিয়ে চলছে ৬০টি প্রাথমিক বিদ্যালয়

■ মেহেন্দিগঞ্জ (বরিশাল) সংবাদদাতা

মেহেন্দিগঞ্জ উপজেলার ২০৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৬০টি বিদ্যালয় চলছে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দিয়ে। ফলে শিক্ষার্থীদের লেখাপড়া মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে।

একাধিক সূত্রে জানা যায়, সহকারী শিক্ষক থেকে প্রধান শিক্ষক পদে পদোন্নতি বন্ধ থাকায় এই সমস্যা হচ্ছে। জানা যায়, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২০০৯ সাল থেকে মামলাজনিত কারণে সহকারী শিক্ষক থেকে প্রধান শিক্ষক পদে পদোন্নতি বন্ধ রয়েছে। অপরদিকে বিদ্যালয়গুলোতে প্রধান শিক্ষক না থাকায় সহকারী শিক্ষকরাই প্রধান শিক্ষকের দায়িত্ব পালনের ফলে দাপ্তরিক কাজ নিয়ে ব্যস্ত থাকায় বিদ্যালয়ের পাঠদানে অন্য শিক্ষকদের বাড়তি চাপ নিতে হচ্ছে। এছাড়াও এই উপজেলায় ৯৯টি সহকারী শিক্ষকের পদ খালি রয়েছে। সরকারি নিতিমালা অনুযায়ী প্রধান শিক্ষক পদে শতকরা ৬৫% পদোন্নতি এবং ৩৫% নিয়োগ পরীক্ষার মাধ্যমে নিয়োগের বিধান রয়েছে। অথচ এই নীতি বাস্তবায়ন না হওয়ায় এই উপজেলায় শিক্ষক সমস্যা প্রকট আকার ধারণ করেছে।

উপজেলার কোনো-কোনো বিদ্যালয়ে পাঁচ থেকে ১০ বছর ধরে চলছে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দিয়ে। এছাড়া পদোন্নতি না থাকায় ২৭ থেকে ৩৩ বছর ধরে সহকারী পদে চাকরি করছেন এমন শিক্ষকের সংখ্যাও অনেক। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে এই তথ্য জানা যায়। উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আক্তারুজ্জামান মিলন জানান, মামলাজনিত কারণে বেশ কয়েক বছর ধরে প্রধান শিক্ষকের পদ খালি রয়েছে এবং সহকারী শিক্ষক পর্যায়ক্রমে নিয়োগ দেওয়া হচ্ছে।